69

দৈনিক ইত্তেফাক

তারিখ JAN. 23 1999
পৃষ্ঠা ৯ কলাম ৪

মহানগর চট্টগ্রাম

# কমিউনিটি স্কুলসমূহ জাতীয়করণের আহ্বান

চট্টগ্রাম অফিস ॥ পূর্ব বাকলিয়াস্থ হাজী আবদুল মান্নান কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ে সম্প্রতি বই বিতরণ কার্যক্রম উদ্বোধন করা হয়। এতদুপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে বক্তরা বলেন, ছাত্রদের শিক্ষিত করিয়া তোলার দায়িত্ব আমাদের সকলের। শিক্ষকদের পাশাপাশি অভিভাবকদেরকেও সচেতনতার সাথে এই দায়িত্ব পালনে আগাইয়া আসার আহ্বান জানান হয়। সভায় বক্তারা কমিউনিটি প্রাথমিক শিক্ষকদের যথাযথ মূল্যায়নের মাধ্যমে শিক্ষার সুষ্ঠু পরিবেশ সৃষ্টি এবং কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়সমূহ জাতীয় করণসহ শিক্ষক-শিক্ষিকাদের বেতন ভাতা বৃদ্ধির জন্য সরকারের প্রতি আহ্বান জানান। মুহাম্মদ রেজাউল করিমের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় বিদ্যালয়ের প্রধান শিক্ষক মুহাম্মদ জাহাঙ্গীর আলম, ইয়াসমীন আক্তার, রুবী আক্তার, নুসতুরা বেগম প্রমুখ বক্তব্য রাখেন।